

# মুগান্ধি

প্রিন্ট: ১১ আগস্ট ২০২৫, ১০:২৪ এএম

শিক্ষাঙ্কন

## জাকসু নির্বাচন ১১ সেপ্টেম্বর



জাবি প্রতিনিধি

প্রকাশ: ১০ আগস্ট ২০২৫, ০৬:৩৯ পিএম



ছবি: সংগৃহীত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। তফশিল অনুযায়ী আগামী ১১ সেপ্টেম্বর নির্বাচন অনুষ্ঠিত হবে।

রোববার (১০ আগস্ট) দুপুর সাড়ে তৃতীয় সিনেট ভবনে নির্বাচন কমিশনের সদস্য সচিব অধ্যাপক একেএম রাশিদুল আলম এ তফশিল ঘোষণা করেন। একই দিন খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে এবং আচরণবিধি প্রকাশ করা হবে।

নির্বাচনি তফশিল অনুযায়ী, ১৪ আগস্ট বিকাল ৪টা পর্যন্ত ভোটার তালিকা সম্পর্কে আপত্তি ও মতামত গ্রহণ করা হবে। ১৭ আগস্ট চূড়ান্ত হালনাগাদ ভোটার তালিকা ও আচরণবিধি প্রকাশ করা হবে।

নির্বাচনে অংশ নিতে ইচ্ছুক প্রার্থীরা ১৮ ও ১৯ আগস্ট সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র জমা দিতে পারবে। মনোনয়নপত্র যাচাই বাছাই হবে ২১ আগস্ট থেকে ২৪ আগস্ট ও খসড়া প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ২৫ আগস্ট।

মনোনয়নপত্রের বৈধতা এবং বাতিলের বিরুদ্ধে আপিল আবেদন গ্রহণ করা হবে ২৬ আগস্ট সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। পরে আপিলের শুনানি গ্রহণ করা হবে ২৭ আগস্ট সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত এবং আপিলের রায় ঘোষণা করা হবে একইদিন বিকাল ৪টায়। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ২৮ আগস্ট সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত। সবকিছু শেষে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে আগামী ২৯ আগস্ট বিকাল ৪টায়।

তফশিলে আরও বলা হয়, ২৯ আগস্ট বিকাল ৪টা থেকে ৯ সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত চলবে নির্বাচনি প্রচারণা।

সবশেষে ১১ সেপ্টেম্বর সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চলবে ভোটগ্রহণ। অতঃপর ভোট গণনা ও ফলাফল প্রকাশ করা হবে।

নির্বাচন কমিশনের সদস্যসচিব বলেন, একটি সুষ্ঠু সুন্দর নির্বাচন আয়োজনের লক্ষ্যে সব ধরনের ব্যবস্থা নেওয়া হবে।

তফশিল ঘোষণা শেষে ২১টি হলের হল সংসদ নির্বাচনের তফশিল ঘোষণা করেন রিটার্নিং  
কর্মকর্তারা।

এ সময় উপস্থিত ছিলেন- জাকসুর প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান,  
সদস্য অধ্যাপক মোহাম্মদ মাফরুজ্জী সাত্তার, সদস্য অধ্যাপক ড. খো. লুৎফুল এলাহী, সদস্য ড.  
রেজওয়ানা করিম স্নিপ্হা এবং ২১টি আবাসিক হলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন উপস্থিত ছিলেন।